

তারিখ
পৃষ্ঠা

এবতেদায়ি মাদ্রাসাকে অবলুপ্ত হতে দেয়া হবে না'

সংসদ বার্তা পরিবেশক : শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, দেশের এবতেদায়ি মাদ্রাসাগুলো অবলুপ্ত হতে দেয়া হবে না। বরং মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী ও জোরদার করা হবে। তবে, কওমি মাদ্রাসাগুলো সরকারের সিলেবাস ও কারিকুলাম অনুসরণ না করায় সেগুলোকে সহায়তা দেয়া হচ্ছে না। তিনি গতকাল জাতীয় সংসদের অধিবেশনে সরকারি দল ও বিরোধীদলের একাধিক সদস্যের প্রশ্ন ও সম্পূর্ণ প্রশ্নের ছবাবে একথা জানান।

বিষয়টি নিয়ে প্রশ্ন করেন বিএনপির কলিম উদ্দিন আহমদ। সম্পূর্ণ প্রশ্ন করেন আওয়ামী লীগের সৈয়দ আবুল হোসেন। এবং জামাতের গাজী নজরুল ইসলাম।

মন্ত্রী বলেন, কওমি মাদ্রাসাগুলো কখনও সরকারের কাছে সাহায্য চায় না। তাছাড়া এ মাদ্রাসাগুলো সরকারের প্রণীত সিলেবাস ও কারিকুলাম অনুসরণ করে না। এ কারণে এ মাদ্রাসাগুলোকে সরকারি অনুদান বা আর্থিক সহযোগিতা দেয়া সম্ভব নয়। তবে কোন কওমি মাদ্রাসা সরকারি সিলেবাস অনুসরণ করলে তাদের সহযোগিতা দেয়া হবে।

তিনি বলেন, গত দিনগুলোতে সাহায্য-সহযোগিতা না পাওয়ার কারণে এবতেদায়ি মাদ্রাসার সংখ্যা কমেছে এবং প্রায় বিলুপ্ত হওয়ার পথে পৌঁছেছে। বর্তমান সরকার এবতেদায়ি মাদ্রাসা বিলুপ্ত হতে দেবে না। এ কারণে এ বছর থেকে এবতেদায়ি মাদ্রাসায় বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ করা হচ্ছে।